কালের কণ্ঠ

তারিখ 27 APR 2017
পৃষ্ঠা ... কলাম 2




চার দফা দাবিতে গতকাল ম্যাটস শিক্ষার্থীরা বগুড়া শহরে বিক্ষোভ মিছিল করে বাইপাস মহাসড়কের তিনমাথায় অবস্থান নেয় (বাঁয়ে); 
শুরু হয়।

# ম্যাটস শিক্ষার্থীরা রাস্তায়

## বগুড়া বাগেরহাটে সংঘর্ষ, ঝিনাইদহ নোয়াখালী মানিকগঞ্জে বিক্ষোভ

প্রিয় দেশ ডেস্ক ▷

উচ্চশিক্ষার অধিকার নিশ্চিত করা, কমিউনিটি ক্লিনিকগুলোতে ম্যাটস থেকে পাস করা ডিপ্লোমা চিকিৎসকদের পদ সৃষ্টি, স্বতন্ত্র শিক্ষা বোর্ড গঠন এবং ইন্টার্নি ভাতার দাবিতে আন্দোলন কর্মসূচি পালন করেছে মেডিক্যাল অ্যাসিস্ট্যান্ট ট্রেনিং স্কুলের (ম্যাটস) শিক্ষার্থীরা। বুধবার বগুড়া, বাগেরহাট, ঝিনাইদহ, মানিকগঞ্জ ও নোয়াখালীতে তারা এই কর্মসূচি পালন করে। এদিকে কর্মসূচি পালনকালে বগুড়ায় পুলিশের সঙ্গে শিক্ষার্থীদের সংঘর্ষ বাধে। বিস্তারিত নিজস্ব প্রতিবেদক ও প্রতিনিধিদের পাঠানো খবরে–

**বগুড়া :** চার দফা দাবিতে বগুড়ায় বুধবার দুপুরে মহাসড়ক অবরোধ করতে গেলে পুলিশের সঙ্গে শিক্ষার্থীদের ধাওয়া-পাল্টাধাওয়ার ঘটনা ঘটে। এ সময় পুলিশের লাঠিপেটায় কমপক্ষে ২০ জন শিক্ষার্থী আহত হয়। আটক করা হয় ১০ জনকে। পরে বিক্ষুব্ধ শিক্ষার্থীরা বেশ কিছু যানবাহন ভাঙচুর করে।

প্রত্যক্ষদর্শীরা জানায়, সকালে শহরের তিনমাথা এলাকায় স্টেশন সড়ক অবরোধ করে রাখে ম্যাটসের আন্দোলনকারী শিক্ষার্থীরা। দুপুরের দিকে ঢাকা-রংপুর মহাসড়ক অবরোধ করতে গেলে পুলিশ তাদের বাধা দেয়। এ সময় উভয় পক্ষের মধ্যে ধাওয়া-পাল্টাধাওয়ার ঘটনা ঘটে। তাদের ছত্রভঙ্গ করতে পুলিশ লাঠিপেটা করে। এতে কমপক্ষে ২০ জন শিক্ষার্থী আহত হয়। আটক করা হয় বেশ কিছু শিক্ষার্থীকে। এ সময় পুলিশকে লক্ষ করে ইটপাটকেল নিক্ষেপ করে অবরোধকারীরা। তারা বিআরটিসি বাসসহ বেশ কয়েকটি যানবাহন ভাঙচুর করে। আহতদের বগুড়ার শহীদ জিয়াউর রহমান মেডিক্যাল কলেজ হাসপাতাল ও শহরের বিভিন্ন ক্লিনিকে ভর্তি করা হয়েছে।

সাইক ম্যাটসের তৃতীয় বর্ষের শিক্ষার্থী জয়শ্রী কর অভিযোগ করেন, পুলিশ বিনা উসকানিতে তাঁদের শান্তিপূর্ণ কর্মসূচিতে লাঠিপেটা করেছে। এতে তিনি, শামিমা, সোমা, শাকিলা, ফাহিমাসহ অনেকে আহত হয়েছেন। এ সময় পুলিশ শরিফুল ইসলাম, ইবনে আল মামুন এবং তুহিন আলীসহ বেশ কয়েকজনকে আটক করেছে।

এ ব্যাপারে বগুড়ার অতিরিক্ত পুলিশ সুপার সনাতন চক্রবর্তী বলেন, 'শিক্ষার্থীরা মহাসড়ক অবরোধ করতে গেলে পুলিশ তাদের সরিয়ে দিয়েছে মাত্র। এ সময় ধস্তাধস্তি হলেও মারপিটের ঘটনা ঘটেনি। উল্টো শিক্ষার্থীরাই পুলিশের ওপর হামলা চালিয়েছে। আর যাদের আটক করা হয়েছে, তাদের অভিভাবকের জিম্মায় ছেড়ে দেওয়া হবে।'

**বাগেরহাট :** শহরের মুনিগঞ্জ এলাকার ম্যাটস ক্যাম্পাস থেকে একটি মিছিল নিয়ে বাগেরহাট-পিরোজপুর মহাসড়ক অবরোধ করে শিক্ষার্থীরা। বুধবার সকালে কয়েক শ শিক্ষার্থীর এ অবরোধে ওই সড়কে সব ধরনের যান চলাচল বন্ধ হয়ে যায়। পরে পুলিশ আন্দোলনকারীদের ওপর লাঠিচার্জ করে। এতে অর্ধশতাধিক শিক্ষার্থী আহত হয়। আহতদের বাগেরহাট সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে। হাসপাতালে ভর্তি প্রথম বর্ষের শিক্ষার্থী হুসাইন মাহমুদের অভিযোগ, 'পুলিশের লাঠির আঘাতে আমি সড়কের ওপর পড়ে যাই। তখন পুলিশ আমার বুকের ওপর লাথি মারে। এখন আমার শ্বাস নিতে খুব কষ্ট হচ্ছে।'

হাসপাতালে ভর্তি তৃতীয় বর্ষের শিক্ষার্থী সুস্মিতা চক্রবর্তী বলেন, 'পুলিশের লাঠিচার্জে সরে না যাওয়ায় পুরুষ পুলিশরা আমাকে টেনেহিঁচড়ে রাস্তার ওপর থেকে সরিয়ে দেয়।'

দ্বিতীয় বর্ষের শিক্ষার্থী ইশরাত জাহান অভিযোগ করে বলেন, কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসেবে চার দফা দাবিতে আন্দোলনে নামেন তাঁরা। পুলিশ বিনা উসকানিতে তাঁদের ওপর দফায় দফায় লাঠিচার্জ করে। পুলিশের লাঠিচার্জে অর্ধশতাধিক শিক্ষার্থী আহত হয়েছে। বাগেরহাটের পুলিশ সুপার পংকজ চন্দ্র রায় জানান, ম্যাটসের শিক্ষার্থীরা মহাসড়ক অবরোধ করলে ওই সড়কে সব ধরনের যানবাহন চলাচল বন্ধ হয়ে যায়। পরে পুলিশ সেখানে গিয়ে আন্দোলনকারীদের বুঝিয়ে তাদের মহাসড়ক থেকে সরিয়ে দিতে সক্ষম হয়েছে। তাঁর দাবি, পুলিশ আন্দোলনকারীদের ওপর কোনো ধরনের লাঠিচার্জ করেনি।

**ঝিনাইদহ :** শহরের চুয়াডাঙ্গা বাসস্ট্যান্ড থেকে মিছিল নিয়ে শিক্ষার্থীরা বাস টার্মিনালে মিলিত হয়। সেখানে ঝিনাইদহ-মাগুরা মহাসড়ক অবরোধ করে রাখে আন্দোলনকারীরা। এ সময় সড়কের দুই পাশে ঝিনাইদহ থেকে ঢাকা, কুষ্টিয়া, যশোর ও চুয়াডাঙ্গাগামী শত শত যানবাহন আটকা পড়ে। প্রায় ঘণ্টাব্যাপী অবরোধকালে শিক্ষার্থীরা তাদের দাবির পক্ষে বিভিন্ন স্লোগান দিতে থাকে। এ সময় বক্তব্য দেন বঙ্গবন্ধু ডিপ্লোমা মেডিক্যাল স্টুডেন্টস অ্যাসোসিয়েশনের কেন্দ্রীয় সহসভাপতি রাফাতুজ্জামান প্রান্ত, সাংগঠনিক সম্পাদক মাহবুব তালুকদার, কার্যনির্বাহী সদস্য মাসুদ রানা, ঝিনাইদহ ম্যাটসের সভাপতি সুজন সোহান, আল মাহমুদ পিয়াস প্রমুখ। পরে ঝিনাইদহ সদরের উপজেলা নির্বাহী কর্মকর্তা মোস্তাফিজুর রহমান ও পুলিশ কর্মকর্তাদের আশ্বাসে তারা অবরোধ প্রত্যাহার করে।

**মানিকগঞ্জ :** একই দাবিতে মানিকগঞ্জেও বিক্ষোভ মিছিল ও মানববন্ধন করেছে ম্যাটস শিক্ষার্থীরা। সকালে বিক্ষোভ মিছিল নিয়ে শহরের প্রধান প্রধান সড়ক ঘুরে মানিকগঞ্জ প্রেস ক্লাবের সামনে তারা মিলিত হয়। এ সময় মোসলেম উদ্দিন নিলয়ের সভাপতিত্বে বক্তব্য দেন রেজাউল করিম, জাহিদুল ইসলাম, নাজমুল হাসান ও আকাশ মিয়া।

**নোয়াখালী :** বুধবার দুপুরে বিক্ষোভ সমাবেশ ও নোয়াখালী প্রেস ক্লাবের সামনে অবস্থান কর্মসূচি পালন করেছে আন্দোলনকারীরা। এতে বক্তব্য দেন বঙ্গবন্ধু ডিপ্লোমা মেডিক্যাল অ্যাসোসিয়েশনের জেলা সভাপতি মো. আর এইচ রিফাত। এ সময় সাধারণ সম্পাদক মুহাম্মদ দাউদুল ইসলাম শিমুল, সাংগঠনিক সম্পাদক মো. শাহিনুর ইসলাম সৈকত, [illegible] হুমায়ারা নাছরিন ও নোয়াখালী বেসরকারি ম্যাটস অ্যাসোসিয়েশনের সভাপতি জয়দেব ভৌমিক উপস্থিত ছিলেন। পরে তাঁরা নোয়াখালীর জেলা প্রশাসকের কাছে একটি স্মারকলিপি পেশ করেন।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর